

স্মারক নং-৫২.০১.৮১৮২.০০০.১১.০০১.২০- ০৮

তারিখঃ ২৬ পৌষ, ১৪২৬  
০৭ জানুয়ারি, ২০২০

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র পুঠিয়া উপজেলায় বসবাসকারী বেকার যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। স্নাতক উত্তীর্ণগণ অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে অগ্রাধিকার পাবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০১/২০২০ তারিখে বয়স ২২-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৫) হাতের লেখা সহজে বোধগম্য ও সুন্দর হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/ গণনাকারী	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০১/২০২০ তারিখে বয়স ১৮-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৫) হাতের লেখা সহজে বোধগম্য ও সুন্দর হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

#### শর্তাবলী:

- লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। এবং প্রতিটি জোনে কমপক্ষে ৫০% মহিলা শুমারি কর্মি নিয়োগ করা হবে।
- লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সনদসহ অন্যান্য যোগ্যতার সনদের সত্যায়িত কপি এবং ২ (দুই) কপি সদ্যতোলা সত্যায়িত ফটো আবেদনের সাথে জমা দিতে হবে।

#### অন্যান্য তথ্যাবলিঃ

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পুঠিয়া, রাজশাহী এর ওয়েবসাইট [www.bbs.puthia.rajshahi.gov.bd](http://www.bbs.puthia.rajshahi.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম সংশ্লিষ্ট ইউনিয়ন তথ্য সেবাকেন্দ্র থেকেও সংগ্রহ করা যাবে।
- নির্বাচনী পরীক্ষার স্থান ও তারিখ উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবসাইট [bbs.puthia.rajshahi.gov.bd](http://bbs.puthia.rajshahi.gov.bd) এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি ও স্মার্টফোন প্রদর্শন করতে হবে।
- সকল পদের আবেদন ফরমের খামের উপর পদের নাম, ইউনিয়ন/পৌরসভার নাম ও ওয়ার্ড নং উল্লেখপূর্বক আগামী ২১/০১/২০২০খি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পুঠিয়া, রাজশাহীতে নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রয়োজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- নির্বাচিত/অপেক্ষমান প্রার্থীদের তালিকা উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবসাইটে এবং উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন ও তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে। তার পরিবর্তে অপেক্ষমান তালিকা হতে নিয়োগ করা হবে।
- তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজারের সম্মানী/পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।
- তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত যাচাই বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭.০১.২০২০

মোঃ ওলিউজ্জামান

উপজেলা নির্বাহী অফিসার,  
পুঠিয়া, রাজশাহী।

ও

সভাপতি

“জনশুমারি ও গৃহগণনা-২০২১” এ তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন  
সংক্রান্ত যাচাই বাছাই কমিটি